

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৭২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - অনুমতি প্রার্থনা

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا دُعِيَ أَحَدُكُمْ فجاءَ مَعَ الرسولِ فَإِن ذَلِك إِذْنٌ» . رَوَاهُ أَبُو دَاوُدَ. وَفِي رِوَايَةٍ لَهُ قَالَ: «رَسُول الرجل إِلَى الرجل إِنْنه»

বাংলা

৪৬৭২-[৬] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মধ্যে যদি কাউকে ডাকা হয়, আর সে ব্যক্তি সংবাদ বাহকের সাথে চলে আসে, তবে তার সাথে আসাই তার জন্য অনুমতি। (আবূ দাউদ)[1]

আবূ দাউদ-এর অপর বর্ণনায় আছে যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন লোকের কাছে লোক পাঠানোই তার অনুমতি।

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৫১৮৯, ইরওয়া ১৯৫৫, সহীহ আল আদাবুল মুফরাদ ৮২৪, সহীহ ইবনু হিব্বান ৫৮১১, শু'আবুল ঈমান ৮৮৩০, 'বায়হাক্কী'র কুবরা ১৮১২৭, আহমাদ ১০৮৯৪, 'ত্বারানী'র আল মু'জামুল কাবীর ১১২৮, আল মু'জামুল আওসাত্ব ৬৬৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ফাতহুল ওয়াদূদে বলা হয়েছে, যখন দূতের সাথে আসবে তখন অনুমতি চাওয়ার প্রয়োজন নেই। তবে হ্যাঁ যদি সাবধানতাবশতঃ অনুমতি চায় তাহলে সেটা উত্তম। বিশেষ করে যখন বাড়ি শুধু পুরুষদের না হয়। সঙ্গত কারণে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আহলে সুফফাদেরকে আবূ হুরায়রা (রাঃ)-কে দিয়ে ডাকতে পাঠালেন। তারা এসে অনুমতি নিয়ে প্রবেশ করলেন। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৫১৮০)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন